

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর


একাডেমিক কাউন্সিলের সভা
১৬/১০/২০২৫

অদ্য ১৬/১০/২০২৫ তারিখ দুপুর ১২ টায় একাডেমিক কাউন্সিলের এক সভা অধ্যক্ষ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সরকারি রাজেন্দ্র কলেজের অধ্যক্ষ প্রফেসর এস. এম আবদুল হালিম। উপাধ্যক্ষ প্রফেসর মোঃ ওবায়দুর রহমান, সভাপতির অনুমতিক্রমে স্বাগত বক্তব্য উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যদের নির্দিষ্ট আলোচ্য সূচি ও বিবিধ বিষয়ে আলোচনা করার অনুরোধ করেন। অতঃপর বক্তব্য রাখেন প্রফেসর চঞ্চল কুমার দাস, বিভাগীয় প্রধান, হিসাববিজ্ঞান; প্রফেসর কাজী নূরে আলম সিদ্দিকী, বিভাগীয় প্রধান, সমাজকর্ম; প্রফেসর চন্দ্র মোহন হালদার, বিভাগীয় প্রধান, রাষ্ট্রবিজ্ঞান; প্রফেসর হাছিনা নাজমুন জাহান, বিভাগীয় প্রধান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি; ড. আবুল খায়ের মোঃ রেজভী মাহমুদ, বিভাগীয় প্রধান, ইতিহাস; জনাব মোঃ রশিদুল আলম, প্রভাষক, ইতিহাস; জনাব শুভাশীষ ভদ্র, প্রভাষক, আইসিটি প্রমুখ। সম্মানিত সদস্যদের বক্তব্য ও আলোচনা-পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

১. ২০২৫-২৬ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত আইসিটি কোর্সে পাঠদান বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত পরিপত্রের আলোকে সিদ্ধান্ত হয় যে, যে সকল বিষয়/বিভাগে উক্ত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক আছে তারা পাঠদান করবেন। বিজ্ঞান বিভাগসমূহের শিক্ষকগণ স্ব স্ব বিভাগে পাঠদান করবেন। আর যে সকল বিভাগে উক্ত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক নাই সেসকল বিভাগের বিভাগীয় প্রধান বিষয়টি অধ্যক্ষ মহোদয়-কে অবহিত করবেন এবং অধ্যক্ষ মহোদয় সেক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
২. শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি করার জন্য বিভাগীয় প্রধানগণ নিয়মিত উপস্থিতি মনিটর করবেন, অনুপস্থিত শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের সাথে যোগাযোগ করার জন্য বিভাগের শিক্ষকদের মধ্যে দায়িত্ব ভাগ করে দেবেন।
৩. কলেজের প্রাক্তন মৃত: কর্মচারী রুহুলের নাবালিকা কন্যার নামে রাখা ডিপিএসটি ১০ বছর মেয়াদ পূর্ণ হওয়ায় তা উত্তোলনের জন্য আবেদন করায় তা অনুমোদন করা হয়।
৪. বায়তুল আমান ক্যাম্পাসে অবস্থিত ইতিহাস ভবনের নিচতলা অব্যবহৃত (প্রাক্তন ইংরেজি বিভাগ) থাকায় বিভাগ স্থানান্তরের জন্য দর্শন বিভাগ কর্তৃক আবেদনের পরিপ্রেক্ষিতে দর্শন বিভাগকে এখন থেকে তা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৫. ফরিদপুরের বিশিষ্ট ব্যবসায়ী করিম গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর জনাব ওয়াহিদ মিয়া (কুটি) সরকারি রাজেন্দ্র কলেজের প্রাক্তন শিক্ষার্থী হিসেবে ছাত্র-ছাত্রীদের যাতায়াতের সুবিধার্থে ০২ (দুটি) বড় বাস রাজেন্দ্র কলেজকে উপহার দিতে আগ্রহ প্রকাশ করেছেন। অদ্যকার সভায় তার এ প্রয়াসকে স্বাগত জানিয়ে তা গ্রহণ করার জন্য সিদ্ধান্ত নেয়া হয়।
৬. রাজেন্দ্র কলেজের অন্য কোনো দানশীল প্রাক্তন শিক্ষার্থী কলেজের ছাত্র-ছাত্রীদের কল্যাণে কোন কিছু দান করতে ইচ্ছুক হলে তা স্বাগত জানানো হবে।


সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভার সভাপতি সম্মানিত অধ্যক্ষ মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।


 (প্রফেসর এস. এম আবদুল হালিম)
 সভাপতি 21/10/25
 একাডেমিক কাউন্সিল
 ও অধ্যক্ষ
 অধ্যক্ষ সরকারি রাজেন্দ্র কলেজ
 সরকারি রাজেন্দ্র কলেজ
 ফরিদপুর

স্মারক নং- স:রা:ক:/ফরিদ/ তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ।
- ২। বিভাগীয় প্রধান : সকল বিভাগ, অত্র কলেজ।
- ৩। সংরক্ষণ নথি।


 (প্রফেসর এস. এম আবদুল হালিম)
 সভাপতি 21/10/25
 একাডেমিক কাউন্সিল
 ও অধ্যক্ষ
 অধ্যক্ষ সরকারি রাজেন্দ্র কলেজ
 সরকারি রাজেন্দ্র কলেজ
 ফরিদপুর